গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০১.২০.২৮ তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ /২৩ সেপ্টেম্বর ২০২০

**বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি<br>সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৩ সেপ্টেম্বর ২০২০, বিকাল ৪:০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয় |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সরকার উন্নত বাংলাদেশ গড়ার একটি মহৎ উদ্দেশ্য নিয়েই জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। মন্ত্রণালয়ের পরিকল্পনা ও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শুদ্ধাচারের বিভিন্ন কৌশল কাজে লাগিয়ে সার্বিক নাগরিক সেবা নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানানো হয়। অত:পর নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোঃ খায়রুল আলম-কে অদ্যকার সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য জানানো হয়।

২. সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত ২০২০-২১ এর কর্মপরিকল্পনা ইতোমধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় প্রণীত কর্ম-পরিকল্পনাটি নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে। সভায় তিনি অবহিত করেন যে, কর্ম-পরিকল্পনায় ১৩টি কার্যক্রমের উল্লেখ রয়েছে। উল্লেখ্যযোগ্য কার্যক্রম গুলো হলো: প্রতি ৩মাস পর পর নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, চাকুরী ও সুশাসন সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/নীতিমালা/ম্যানুয়াল সংস্কার বা হালনাগাদকরণ, ওয়েবসাইট হালনাগাদকরণ, উত্তম চর্চার তালিকা প্রেরণ ও বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠায় বিভিন্ন উদ্যোগ গ্রহণ, প্রকল্প বাস্তবায়নে মনিটরিং জোরদারকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ, মন্ত্রণালয়ের কর্মপরিবেশ উন্নয়নে পদক্ষেপ গ্রহণ, শুদ্ধাচার পুরস্কার প্রদান ও শুদ্ধাচার কার্যক্রম ফিডব্যাক গ্রহণের নিমিত্ত সভার আয়োজন।

৩. সদস্য সচিব সভায় প্রেরিত কর্ম-পরিকল্পনার কয়েকটি কার্যক্রম নিম্নোক্তভাবে সংশোধনের প্রস্তাব করেন: ক. শুদ্ধাচার সুশাসন সম্পর্কিত প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে অন্তর্ভুক্ত করা ও সেই অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করা (২.৪); খ. ইনকাম ট্যাক্স সংক্রান্ত প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং অন্য কোয়ার্টারের কর্মসূচী চলমান রাখা (৫.২); গ. ই-টেন্ডার কার্যক্রমে সচিবালয়ের অন্যান্য মনোহারি খাতের মোট বাজেটের ২৫% ২য় প্রান্তিকে বাস্তবায়ন করা (৭.২); ঘ.বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন কর্মসূচী ১ম কোয়ার্টারের পরিবর্তে ৩য় কোয়ার্টারে বাস্তবায়ন করা (৯.৪); ঙ. স্বাস্থ্যবিধি অনুসরণ/অবহিতকরণ বিষয়ে প্রত্যেক প্রান্তিকে বাস্তবায়ন করা (১১.৩); চ. বরাদ্দকৃত অর্থ ৪ লাখের পরিবর্তে ৫ লাখের প্রস্তাব এবং ১ম প্রান্তিকেও অর্থ বরাদ্দ রাখার ব্যবস্থা করা (১২.১); এবং ছ. পরীবিক্ষণ ও মূল্যায়ন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী তারিখসমূহ পরিবর্তন করে সঠিকভাবে সন্নিবেশিত করা (১৩.১.২.৩)।

৪. এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ পূর্বক উল্লেখ করা হয় যে, পরিকল্পনা বাস্তবায়নে সময়োপযোগী পদক্ষেপ গ্রহন করতে হবে এবং কাঙ্খিত অগ্রগতি অর্জনের লক্ষ্যে আরও সচেষ্ঠ হতে হবে। এছাড়া, প্রতিবেদনে উল্লিখিত অগ্রগতি শুধু কাগজে কলমে সীমাবদ্ধ না রেখে বরং বাস্তবসম্মতভাবে বাস্তবায়নে সকলের দৃষ্টি আকর্ষন করা হয়।

৫. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা আংশিক সংশোধনক্রমে অনুমোদন করা যেতে পারে;

খ. অনুমোদিত শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;

গ. যে সকল দপ্তর/সংস্থা ২০২০-২১ এর কর্মপরিকল্পনা এখনও প্রেরণ করে নাই অথবা কোন সংশোধনী থাকলে তা আগামী ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

ঘ. সকল দপ্তর/সংস্থা কর্তৃক ১ম প্রান্তিকের প্রতিবেদন আগামী ১০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৩/০৯/২০২০
(ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি)
সচিব
এবং
সভাপতি
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০১.২০.২৮ তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ /২৩ সেপ্টেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: নাহিদ সুলতানা, সিনিয়র সহকারী সচিব)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সিস্টেম এনালিষ্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয় (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সচিব-এর একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ খায়রুল আলম)
যুগ্মসচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১৩১২৫